

ফরম পুরণের বিজ্ঞপ্তি

এমবিএ ২য় সেমিস্টার-২০২২

শিক্ষাবর্ষ: ২০২১-২০২২

এতদ্বারা আই.এস.টির এমবিএ ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ১৯ মে ২০২৫ ইং তারিখ হতে ০৩ জুন ২০২৫ ইং তারিখের মধ্যে এমবিএ ২য় সেমিস্টার ২০২২ পরীক্ষার ফরম পূরণের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে প্রিন্টকৃত ফরম হিসাব শাখায় জমা দেয়ার পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি (যেমন- সেমিস্টার ফি, টিউশন ফি, রেজিস্ট্রেশন ফি (যদি বকেয়া থাকে)) পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পূরণ করতে পারবেনা।

ছাত্র/ ছাত্রী কর্তৃক ফরম ফিলাপের নিয়মাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ এবং কলেজে জমাদানের তারিখ: ১৯/০৫/২০২৫ থেকে ০৩/০৬/২০২৫ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) এ গিয়ে Student Login লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে

১) বাম পাশের মেনুবার থেকে "Form Fillup" মেনুতে ক্লিক করে "APPLY NOW" বাটন এ ক্লিক করতে হবে।
২) "APPLY NOW" বাটন এ ক্লিক করার পর, ফরম ফিলাপের প্রয়োজনীয় তথ্য যেমনঃ পরীক্ষার বিষয় ইত্যাদি তথ্য দিয়ে "SUBMIT" বাটনে ক্লিক করলে একটি পপ-আপ মেনু আসবে।

৩) পপ-আপ মেনু থেকে ফরম ফিলাপ নিশ্চয়ন করার জন্য "YES" বাটনে ক্লিক করতে হবে অন্যথায় না চাইলে "CANCEL" বাটনে ক্লিক করতে হবে।

৪) "YES" বাটনে ক্লিক করার পর "APPLICATION FORM" ডাউনলোড করে প্রিন্ট কপি এবং পরীক্ষার নির্ধারিত ফি সহ স্ব স্ব কলেজ অফিসে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৫) ফরম ফিলাপের সকল প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে "PAYMENT STATUS" PAID দেখাবে।

"APPLICATION FORM" ডাউনলোড করতে ভুলে গেলে করণীয়ঃ

১) পুনরায় "Form Fillup" মেনুতে ক্লিক করে "APPLICATION FORM" বাটনে ক্লিক করে "APPLICATION FORM" ডাউনলোড করা যাবে।

ফরম পূরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর/পরিচালক (প্রশাসন) এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি প্রতি পত্র ১০০০ X ৫ = ৫০০০/-, জাতীয় বিশ্ববিদ্যালয় থিসিস ও মৌখিক পরীক্ষার ফি ১০০০/-, সাময়িক সনদ ও ট্রান্সক্রিপ্ট ফি ৮০০/- ও কেন্দ্র ফি বাবদ ৫০০/- টাকা, ইন্টারনশীপ রিপোর্ট মূল্যায়ন ও ভাইবা পরীক্ষার ফি ২৯০০/- টাকাসহ সর্বমোট ১০,২০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: প্রতি পত্র ১০০০/- বিশেষ অর্ন্তভুক্তি ফি: ৫০০/-, কেন্দ্র ফি: ৫০০/- টাকা। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

মেহেদী হাসান

সহকারী অধ্যাপক ও কোর্স কো-অর্ডিনেটর

এমবিএ ২য় সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। অধ্যক্ষ, আই.এস.টি।
- ২। পরিচালক (প্রশাসন), আই.এস.টি
- ৩। বিভাগীয় প্রধান, ব্যবসায় প্রশাসন বিভাগ
- ৪। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৫। হিসাব শাখা, আই.এস.টি।
- ৬। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৭। আই.এস.টি নোটিশ বোর্ড।